

Times Today BD

মীর খায়রুল আলম | খুলনা | 29 May, 2025

ভারতে পাচারের সময় সাতক্ষীরার ভোমরা সীমান্ত থেকে ৪টি স্বর্ণের বারসহ ১ জনকে আটক করেছে বিজিবি। বৃহস্পতিবার (২৯ মে) ভোরে সদরের ভোমরা সীমান্তের তেতুলতলা এলাকায় এআটকের ঘটনা ঘটে।

আটককৃতের নাম মোঃ রুহুল আমিন (৬৮)। তিনি সদরের আলিপুর এলাকার মৃত হানিফ মুন্সির ছেলে।

সাতক্ষীরা ব্যাটালিয়ন (৩৩ বিজিবি) এর অধিনায়ক লেঃ কর্নেল মোঃ আশরাফুল হক এক প্রেস বিজ্ঞপ্তিতে জানান, ভোমরা বিওপির একটি বিশেষ অভিযানিক দল ১ জন আসামীসহ ৪৫৮ গ্রাম ৬০০ মিলিগ্রাম ওজনের ০৪ টি স্বর্ণের বার আটক করেছে।

তিনি জানান, ভোমরা বিওপির দায়িত্বাধীন সীমান্ত পিলার ২/৫-এস হতে আনুমানিক ৪ কিলোমিটার বাংলাদেশের অভ্যন্তরে তেতুলতলা নামক এলাকা দিয়ে স্বর্ণ ভারতে পাচারের উদ্দেশ্যে গমন করবে এরূপ গোয়েন্দা তথ্যের ভিত্তিতে ভোমরা বিওপির একটি চৌকষ দল ওই স্থানে কৌশলে অবস্থান করে। এ সময় ভোমরা সীমান্ত এলাকার দিকে ইজিবাইকযোগে গমনকালে তেতুলতলা নামক স্থান হতে সন্দেহভাজন বাংলাদেশী নাগরিক মোঃ রুহুল আমিন নামের এক ব্যক্তিকে আটক করা হয়। পরবর্তীতে আটককৃত ব্যক্তিকে তল্লাশী করে ১টি মোবাইল এবং তার কোমর হতে কাপড়ে মোড়ানো অবস্থায় ৪ টি স্বর্ণের বার উদ্ধার করা হয়।

উদ্ধারকৃত স্বর্ণের ওজন ৪৫৮ গ্রাম ৬০০ মিলিগ্রাম যার মূল্য ৬৬ লক্ষ ৮০ হাজার ৮শ পঁচাশি

টাকা এবং ১টি মোবাইল ফোনের আনুমানিক মূল্য ১ হাজার টাকা। সর্বমোট সিজার মূল্য-৬৬ লক্ষ ৮১ হাজার ৮শ পঁচাশি টাকা।

এ'ব্যাপারে সাতক্ষীরা সদর থানায় মামলা দায়ের করে স্বর্ণের বার ট্রেজারী অফিসে এবং আসামীকে থানায় সোপর্দের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

আটক স্বর্ণের বার বিজিবি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:12

URL: <https://www.timesodaybd.com/khulna/3132775807>